



কোভিড-19 টিকাসমূহ সম্বন্ধীয় সাধারণ উদ্বেগসমূহ

মার্চ 2021 এর পর হতে এটি সাম্প্রতিকতম তথ্য, এবং প্রয়োজন মতো এই তথ্য হালনাগাদ করা হবে। এটি চিকিৎসকগণ দ্বারা নিরীক্ষিত এবং চিকিৎসাবিজ্ঞান অনুযায়ী সঠিক তথ্য।

BENGALI



টিকা পরীক্ষা নিরাপত্তা

কোভিড-19 টিকার গবেষণা বিভিন্ন দেশ থেকে প্রচুর পরিমাণে, দ্রুত, অর্থ পেয়েছে। টিকাটি তৈরী করতে কোনও ধাপ বাদ দেওয়া হয়নি। কোভিড-19 টিকার পরীক্ষাপূর্বে 30,000 থেকে 45,000 মানুষ অংশ নিয়েছেন সুতরাং আমাদের কাছে পর্যাপ্ত পরিমাণে তথ্য রয়েছে।



পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ

টিকা থেকে অধিকাংশ মানুষের কোনও পার্শ্বপ্রতিক্রিয়া হয়না। কিছু ব্যক্তির সূচিপ্রয়োগ বা ইঞ্জেকশন প্রয়োগ করার স্থানে ব্যাথা, ক্রান্তি, মাথায় ব্যাথা, মাংসপেশী/গ্রন্থিতে ব্যাথা, জ্বর, অথবা কাঁপুনি হয় (অন্যান্য টিকাসমূহের ক্ষেত্রে যেমন হয়ে থাকে)। খুব অল্প সংখ্যক মানুষের অ্যালার্জিক বা বিরূপ প্রতিক্রিয়া হতে পারে। অন্যান্য পার্শ্বপ্রতিক্রিয়া বিরল; দীর্ঘ-মেয়াদি পার্শ্বপ্রতিক্রিয়া বিষয়ে হেলথ কানাডা অনুসন্ধান করতে থাকবে।



এমআরএনএ বনাম ডিএনএ

ফাইজার-বায়োএনটেক এবং মডার্না টিকাগুলি আপনার ডিএনএর পরবর্তন ঘটাবে না। এই টিকাগুলি মেসেঞ্জার আরএনএ নামক একটি পদার্থ ব্যবহার করে (এমআরএনএ)। এমআরএনএ কে ভাইরাসে প্রাপ্ত একটি প্রোটিন বানানোর নির্দেশ দেওয়া থাকে। এটি আপনার শরীরকে সজাগ করে অ্যান্টিবডি তৈরী করার জন্য, যা এরপর এই প্রোটিনটিকে আক্রমণ করে এবং ভাইরাসটিকে মেরে ফেলে। অ্যান্টিবডিটি শরীরে থেকে যায়, এমআরএনএ টি থাকে না।



মাস্ক বা মুখাবরণ পরতে থাকুন

টিকা পাওয়ার পরও আপনাকে মাস্ক বা মুখাবরণ পরতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। অল্প হলেও সম্ভাবনা আছে যে টিকা নেওয়া সত্ত্বেও আপনি কোভিড-19 থেকে অসুস্থ হতে পারেন বা অন্য কাউকে কোভিড-19 এ সংক্রমিত করতে পারেন।



গর্ভাবস্থা এবং শিশুরা

এই টিকাসমূহ গর্ভাবস্থার ওপর কোনও প্রভাব ফেলে না। টিকার দ্বারা তৈরী অ্যান্টিবডি ভাইরাসটিকে আক্রমণ করে, আপনার শরীরকে নয়। যাদের গর্ভাবস্থায় কোভিড-19 হয়েছে এমন ব্যক্তিদের থেকে আমরা জেনেছি যে এটি উর্বরতার ওপর প্রভাব ফেলে না বা ভবিষ্যতে গর্ভপাত ঘটায় না।



মাইক্রোচিপ নেই

টিকাসমূহ আমাদের শরীরে কোনও চিপ ঢোকায় না। টিকার মধ্যে কোনও ক্ষুদ্রাকার কম্পিউটার, মাইক্রোচিপ বা অনুসরণকরণ যন্ত্র নেই। এগুলি মানুষকে অনুসরণ করতে পারে না বা যেই ব্যক্তিগণ টিকা নিয়েছে তাদের সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পারে না।



উপাদানসমূহ

ড্যাকসিন উপাদানগুলি নিরাপদ – এতে কোনও রক্তজাত দ্রব্য, পারদ, জ্বা-কোষ, শূকর, পশু থেকে প্রাপ্ত দ্রব্য, এলুমিনিয়াম বা ফরমালডিহাইড থাকেনা।



পূর্ববর্তী কোভিড-19 সংক্রমণ

আপনার কোভিড-19 হয়ে গিয়ে থাকলেও আপনার টিকা নেওয়া উচিত। আপনার আবারও কোভিড-19 হতে পারে কারণ আমরা জানিনা একবার সংক্রমণের পর আপনার শরীরে অ্যান্টিবডি কতদিন থাকে।

আপনি যা পড়ছেন তা নিয়ে অনিশ্চিত থাকলে আপনার পারিবারিক চিকিৎসক বা শুশ্রূষাকারীর পরামর্শ নিন। আরো তথ্যের জন্য আপনি নিম্নলিখিত জনস্বাস্থ্য বা পার্লিক হেলথ ওয়েবসাইটসমূহ দেখতে পারেন:

- [1. https://covid-19.ontario.ca/covid-19-vaccines-ontario](https://covid-19.ontario.ca/covid-19-vaccines-ontario)
- [2. https://www.canada.ca/en/public-health/services/diseases/coronavirus-diseasecovid-19/vaccines.html](https://www.canada.ca/en/public-health/services/diseases/coronavirus-diseasecovid-19/vaccines.html)

